# পিলখানা হত্যাকাণ্ডে রাজনৈতিক সংশ্লিষ্টতার প্রমাণ: জানাল স্বাধীন তদন্ত কমিশন




সংগৃহীত ছবি

বিডিআর বিদ্রোহ ও পিলখানা হত্যাকাণ্ড নিয়ে গঠিত জাতীয় স্বাধীন তদন্ত কমিশন জানিয়েছে, ২০০৯ সালের সেই মর্মান্তিক ঘটনার সঙ্গে তৎকালীন কিছু রাজনৈতিক নেতার সরাসরি সংশ্লিষ্টতা পাওয়া গেছে।

বুধবার (২৫ জুন) রাজধানীর সায়েন্স ল্যাবরেটরিতে অবস্থিত বিআরআইসিএম-এর নতুন ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে কমিশনের সভাপতি অবসরপ্রাপ্ত মেজর জেনারেল এ এল এম ফজলুর রহমান বলেন, “তদন্তে দেখা গেছে তৎকালীন কিছু রাজনৈতিক নেতা এই ঘটনায় জড়িত ছিলেন। তবে তদন্তের স্বার্থে এখনই কারো নাম প্রকাশ করা যাচ্ছে না।”

তিনি আরও বলেন, “তৎকালীন সরকারের গঠিত তদন্ত কমিটি চরম অবহেলা করেছে। এছাড়া গণমাধ্যমের একটি অংশও ইচ্ছাকৃতভাবে ঘটনাটিকে ভিন্নখাতে প্রবাহিত করার চেষ্টা করেছে। যদি সময়মতো সামরিক হস্তক্ষেপ করা হতো, তাহলে হতাহতের সংখ্যা অনেক কম হতে পারত।”

তদন্তের অগ্রগতি সম্পর্কে জানাতে গিয়ে কমিশন জানায়, এ পর্যন্ত ১৫৮ জনের সাক্ষ্য নেওয়া হয়েছে। এখনও প্রায় ৫০ জনের সাক্ষ্য গ্রহণ বাকি রয়েছে। পালিয়ে থাকা আওয়ামী লীগ নেতা মির্জা আজম এবং জাহাঙ্গীর কবির নানক এ বিষয়ে লিখিত সাক্ষ্য দিয়েছেন বলেও জানানো হয়।